*Registered No. WB/SC-247* **No. WB(Part-IV)/2010/SAR-2**

# The Kolkata Gazette

सत्यमेव जयते

*Extraordinary*
Published by Authority

PHALGUNA 18] TUESDAY, MARCH 9, 2010 [SAKA 1931

PART IV—Bills introduced in the West Bengal Legislative Assembly; Reports of Select Committees presented or to be presented to that Assembly; and Bills published before introduction in that Assembly.

**GOVERNMENT OF WEST BENGAL**

**LAW DEPARTMENT**

**Legislative**

NOTIFICATION

No. 302-L.—9th March, 2010.—The Governor having been pleased to order, under rule 66 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the publication of the following Bill, together with the Statement of Objects and Reasons which accompanies it, in the *Kolkata Gazette*, the Bill and the Statement of Objects and Reasons are accordingly hereby published for general information:—

## Bill No. 3 of 2010

**THE KOLKATA MUNICIPAL CORPORATION (AMENDMENT) BILL, 2010.**

## A

## BILL

*to amend the Kolkata Municipal Corporation Act, 1980.*

WHEREAS it is expedient to amend the Kolkata Municipal Corporation Act, 1980, for the purposes and in the manner hereinafter appearing; West Ben. Act LIX of 1980.

It is hereby enacted in the Sixty-first Year of the Republic of India, by the Legislature of West Bengal, as follows:—

Short title and commencement.

**1.** (1) This Act may be called the Kolkata Municipal Corporation (Amendment) Act, 2010.

(2) This section shall come into force at once, and the remaining sections shall come into force on such date or dates, as the State Government may, by notification in the *Official Gazette*, appoint, and different dates may be appointed for different sections of this Act.

*The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2010.*

*(Clauses 2-5.)*

Insertion of new section 11B after section 11A in West Ben. Act LIX of 1980.

**2.** In the Kolkata Municipal Corporation Act, 1980 (hereinafter referred to as the principal Act), after section 11A, the following section shall be inserted:—

"Area Sabha. 11B. (1) There shall be Area Sabha in every ward comprising of one or more polling booths and consisting of persons whose names are included in the part of the electoral roll of the polling booth concerned.

(2) Composition and function of Area Sabha shall be such as may be prescribed.".

Amendment of section 26.

**3.** In section 26 of the principal Act,—

(1) in sub-section (5A), for the words and figures "the Siliguri Municipal Corporation constituted under the Siliguri Municipal Corporation Act, 1990, or the Asansol Municipal Corporation constituted under the Asansol Municipal Corporation Act, 1990, or the Chandernagore Municipal Corporation constituted under the Chandernagore Municipal Corporation Act, 1990, or the Durgapur Municipal Corporation constituted under the Durgapur Municipal Corporation Act, 1994, or any municipality or notified area constituted under the Bengal Municipal Act, 1932", the words and figures "the Municipal Corporations constituted under the West Bengal Municipal Corporation Act, 2006, or any Municipality or Notified Area Authority or Industrial Township Authority constituted under the West Bengal Municipal Act, 1993" shall be substituted;

West Ben. Act XXX of 1990. West Ben. Act XXXI of 1990. West Ben. Act XXXII of 1990. West Ben. Act LIII of 1994.

Ben. Act XV of 1932. West Ben. Act XXXIX of 2006.

West Ben. Act XXII of 1993.

(2) after sub-section (5A), the following sub-section shall be inserted:—

"(5B) Notwithstanding anything contained in this section the Municipal Service Commission shall also select such personnel for such posts in the organizations or agencies or authorities under the Control of Department of Municipal Affairs and Department of Urban Development, Government of West Bengal as the State Government may, by notification, determine from time to time.".

Insertion of new section 30A after section 30.

**4.** After section 30 of the principal Act, the following section shall be inserted:—

"Public Disclosure. 30A. (1) The Corporation shall publish,—

(a) statutorily audited financial statements for the full financial year, within three months from the date of completion of statutory audit; and

(b) such other documents relating to development programmes of the Corporation as may be notified by the State Government.

(2) The manner of publication under sub-section (1) shall be such as may be prescribed.".

Amendment of section 174.

**5.** In sub-section (1) of section 174 of the principal Act,—

(1) to clause (f), the following proviso shall be added:—

"Provided that the Corporation may extend the term of Anomaly Review Committee for a period not exceeding one year and for a further period not exceeding one year thereafter.";

(2) in clause (r),—

(a) for the words "certified by", the words "certified by a degree holder in valuation from a recognized university or" shall be substituted;

(b) for the word "Institute", the word "Institution" shall be substituted.

*The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2010.*

*(Clauses 6-8.)*

Amendment of section 182A.

**6.** In sub-section (1) of section 182A of the principal Act,—

(1) in clause (a), for the words "as may be specified in the scheme.", the words "as may be specified in the scheme; and if the return is not filed within the stipulated period, the Corporation may assess the property and raise the demand for recovery of property tax in accordance with the law." shall be substituted;

(2) in clause (c), for the words "certified by", the words "certified by a degree holder in valuation from a recognized university or" shall be substituted.

Substitution of new section for section 393.

**7.** For section 393 of the principal Act, the following section shall be substituted:—

"Erection of building.

393. Every person who intends to erect a building shall apply for sanction by giving notice in writing of his intention to the Municipal Commissioner in such form together with such fees including Drainage Development fee and containing such information as may be prescribed:

Provided that the Corporation may also levy fees under this section with retrospective effect.".

Amendment of Schedule VIII.

**8.** In Schedule VIII of the principal Act, for sub-heading "[See section 174(4A)]", the sub-heading "(See section 174)" shall be substituted.

## STATEMENT OF OBJECTS AND REASONS.

It is considered necessary and expedient to amend the Kolkata Municipal Corporation Act, 1980 (West Ben. Act LIX of 1980) (hereinafter referred to as the said Act) with a view to making the said Act more effective.

2. it has, therefore, been proposed to make, *inter alia*, the provisions—

(a) for constitution of Area Sabha;

(b) for public disclosure of financial transactions etc. of the Corporation;

(c) for empowering the Municipal Service Commission under the Kolkata Municipal Corporation to select personnel for such posts in the organizations or agencies or authorities under the control of Department of Municipal Affairs and Department of Urban Development, Government of West Bengal and the other Municipal Corporations or Municipalities or Notified Area Authorities or Industrial Township Authorities as the State Government may, by notification, determine from time to time;

(d) for empowering the Corporation to extend the term of Anomaly Review Committee for a period not exceeding one year and for a further period of not exceeding one year thereafter;

(e) for empowering the Corporation to assess and raise the demand for recovery of property tax in respect of those properties for which the return has not been submitted within the period specified in the Scheme under the said Act;

(f) for empowering the degree holders in valuation from recognized universities to certify the return of self-assessment and the annual return for the purpose of property tax under the said Act;

*The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2010.*

(g) for empowering the Corporation to impose Drainage Development Fee while according sanction for erection of building under the said Act.

3. The Bill has been framed with the above objects in view.

4. There is no financial implication involved in giving effect to the provisions of the Bill.

Kolkata,
*The 5th March, 2010.*

ASOK BHATTACHARYA,
*Member-in-charge.*

---

By order of the Governor,

ASHIM KUMAR ROY,
*Secy.-in-charge to the Govt. of West Bengal,*
*Law Department.*

Published by the Controller of Printing and Stationery, West Bengal and printed at Saraswaty Press Ltd. (Government of West Bengal Enterprise), Kolkata 700 056

বাংলা অনুবাদ সংখ্যা—১

**পশ্চিমবঙ্গ সরকার**

বিধি (সরকারী ভাষা) বিভাগ

২০১০ খ্রীষ্টাব্দের ৩ নং বিধেয়ক

[Bill No. 3 of 2010]

# কলকাতা পৌর নিগম (সংশোধন) বিধেয়ক, ২০১০।

**[The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2010.]**

উদ্দেশ্য ও হেতুর বিবরণ সহ।

*(৯ই মার্চ, ২০১০)*

# ২০১০ খ্রীষ্টাব্দের ৩ নং বিধেয়ক

## [Bill No. 3 of 2010]

# কলকাতা পৌর নিগম (সংশোধন) বিধেয়ক, ২০১০।

## [The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2010.]

*কলকাতা পৌর নিগম আইন, ১৯৮০, সংশোধনার্থ বিধেয়ক।*

যেহেতু কলকাতা পৌর নিগম আইন, ১৯৮০, অতঃপর লিখিত উদ্দেশ্যে ও প্রণালীতে সংশোধন করা সঙ্গত ; (১৯৮০-র পশ্চিমবঙ্গ ৫৯আইন।)

অতএব, ভারত সাধারণতন্ত্রের এক-ষষ্ঠিতম বর্ষে পশ্চিমবঙ্গের বিধানমণ্ডল কর্তৃক এতদ্দ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল ঃ—

(সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।) ১। (১) এই আইন কলকাতা পৌর নিগম (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) এই ধারা অবিলম্বে বলবৎ হইবে, এবং বাকী ধারাসমূহ, রাজ্য সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ বা তারিখসমূহ নির্দিষ্ট করিবেন, সেই তারিখ বা তারিখসমূহে বলবৎ হইবে, এবং এই আইনের ভিন্ন ভিন্ন ধারার জন্য ভিন্ন ভিন্ন তারিখ নির্দিষ্ট করা যাইবে।

(১৯৮০-র পশ্চিমবঙ্গ ৫৯ আইনে ১১ক ধারার পরে নূতন ১১খ ধারার সন্নিবেশন।) ২। কলকাতা পৌর নিগম আইন, ১৯৮০-তে (অতঃপর মূল আইন বলিয়া উল্লিখিত), ১১ক ধারার পরে, নিম্নলিখিত ধারা সন্নিবেশিত হইবে ঃ—

"অঞ্চল সভা। ১১খ। (১) এক বা একাধিক ভোটগ্রহণ কেন্দ্র বিশিষ্ট প্রত্যেক ওয়ার্ডে, যে সকল ব্যক্তির নাম সংশ্লিষ্ট ভোটগ্রহণ কেন্দ্রের নির্বাচক-তালিকার অংশে অন্তর্ভুক্ত থাকে সেই সকল ব্যক্তিকে লইয়া অঞ্চল সভা থাকিবে।

(২) অঞ্চল সভার গঠন এবং কৃত্য যেরূপ বিহিত করা যাইবে সেরূপ হইবে।"।

(২৬ ধারার সংশোধন।) ৩। মূল আইনের ২৬ ধারায়,—

(১) (৫ক) উপধারায়, "শিলিগুড়ি পৌর নিগম আইন, ১৯৯০ অনুযায়ী গঠিত শিলিগুড়ি পৌর নিগম, বা আসানসোল পৌর নিগম আইন, ১৯৯০ অনুযায়ী গঠিত আসানসোল পৌর নিগম, বা চন্দননগর পৌর নিগম আইন, ১৯৯০ অনুযায়ী গঠিত চন্দননগর পৌর নিগম, বা দুর্গাপুর পৌর নিগম আইন, ১৯৯৪ অনুযায়ী গঠিত দুর্গাপুর পৌর নিগম, বা বঙ্গীয় পৌর আইন, ১৯৩২ অনুযায়ী গঠিত যেকোন পৌরসভা বা প্রজ্ঞাপিত অঞ্চল", এই শব্দসমূহ ও সংখ্যাসমূহের স্থলে, "পশ্চিমবঙ্গ পৌর নিগম আইন, ২০০৬ অনুযায়ী গঠিত পৌর নিগমসমূহ বা পশ্চিমবঙ্গ পৌর আইন, ১৯৯৩ অনুযায়ী গঠিত কোন পৌরসভা বা প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকার বা শিল্প-উপনগরী প্রাধিকার" এই শব্দসমূহ ও সংখ্যাসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(১৯৯০-এর পশ্চিমবঙ্গ ৩০ আইন। ১৯৯০-এর পশ্চিমবঙ্গ ৩১ আইন। ১৯৯০-এর পশ্চিমবঙ্গ ৩২ আইন। ১৯৯৪-এর পশ্চিমবঙ্গ ৫৩ আইন। ১৯৩২-এর বঙ্গীয় ১৫ আইন। ২০০৬-এর পশ্চিমবঙ্গ ৩৯ আইন। ১৯৯৩-এর পশ্চিমবঙ্গ ২২ আইন।)

(২) (৫ক) উপধারার পরে, নিম্নলিখিত উপধারা সন্নিবেশিত হইবে ঃ—

"(৫খ) এই ধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, পৌর কৃত্যক কমিশন, রাজ্য সরকার প্রজ্ঞাপন দ্বারা সময়ে সময়ে যেরূপ নির্ধারণ করিবেন, পশ্চিমবঙ্গ সরকারের পৌর বিষয়ক বিভাগ ও নগরোন্নয়ন বিভাগের নিয়ন্ত্রণাধীন সংগঠনসমূহ বা এজেন্সীসমূহ বা প্রাধিকারসমূহের যেরূপ পদসমূহের জন্য সেরূপ কর্মচারিবৃন্দ বাছাইও করিবেন।"।

৩০ ধারার পরে নূতন ৩০ক ধারার সন্নিবেশন।

৪। মূল আইনের ৩০ ধারার পরে, নিম্নলিখিত ধারা সন্নিবেশিত হইবে ঃ—

"জনসমক্ষে প্রকাশ। ৩০ক। (১) নিগম,—

(ক) সংবিধিবদ্ধ নিরীক্ষা সমাপ্তির তারিখ হইতে তিন মাসের মধ্যে পূর্ণ আর্থিক বৎসরের সংবিধিবদ্ধরূপে নিরীক্ষিত আর্থিক বিবরণ ; এবং

(খ) রাজ্য সরকার কর্তৃক সেরূপ প্রজ্ঞাপিত হইবে নিগমের উন্নয়ন কর্মসূচী সংক্রান্ত সেরূপ অন্যান্য দস্তাবেজ

প্রকাশ করিবেন।

(২) (১) উপধারা অনুযায়ী প্রকাশনের প্রণালী, যেরূপ বিহিত করা যাইবে সেরূপ হইবে।"।

১৭৪ ধারার সংশোধন।

৫। মূল আইনের ১৭৪ ধারার (১) উপধারায়,—

(১) (চ) প্রকরণে, নিম্নলিখিত অনুবিধি সংযোজিত হইবে ঃ—

"তবে নিগম, অনিয়ম পুনর্বিলোকন কমিটির মেয়াদ অনধিক এক বৎসর সময়সীমার জন্য এবং তৎপরে অনধিক আরও এক বৎসর সময়সীমার জন্য প্রসারিত করিতে পারিবেন।" ;

(২) (দ) প্রকরণে,—

(ক) "কর্তৃক শংসিত", এই শব্দসমূহের স্থলে, "কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মূল্য-নির্ধারণে ডিগ্রীধারী কর্তৃক শংসিত বা" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(খ) 'ইন্‌সটিটিউট", এই শব্দের স্থলে, "প্রতিষ্ঠান" এই শব্দ প্রতিস্থাপিত হইবে।

১৮২ক ধারার সংশোধন।

৬। মূল আইনের ১৮২ক ধারার (১) উপধারায়,—

(১) (ক) প্রকরণে, "পরিকল্পে যেরূপ বিনির্দিষ্ট হইবে", এই শব্দসমূহের স্থলে, "পরিকল্পে যেরূপ বিনির্দিষ্ট হইবে এবং পূর্বনির্দিষ্ট সময়সীমার মধ্যে রিটার্ন দাখিল করা না হয়, তাহা হইলে নিগম ঐ সম্পত্তির নির্ধার করিবে এবং বিধি অনুসারে সম্পত্তি কর আদায়ের জন্য দাবি করিতে পারিবেন।" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(২) (গ) প্রকরণে, "কর্তৃক শংসিত", এই শব্দসমূহের স্থলে, "কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মূল্যায়নে ডিগ্রীধারী কর্তৃক শংসিত" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

তফসিল ৮-এর সংশোধন।

৭। মূল আইনের ৩৯৩ ধারার স্থলে, নিম্নলিখিত ধারা প্রতিস্থাপিত হইবে ঃ—

"ভবন নির্মাণ। ৩৯৩। কোন ভবন নির্মাণ করিতে ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি, যেরূপ বিহিত হইবে সেরূপ নিকাশী উন্নয়ন ফী সহ সেরূপ ফীসমূহ সহযোগে সেরূপ তথ্য দিয়া তাহার অভিপ্রায়ের লিখিত নোটিস পৌর কমিশনারের নিকট প্রদানপূর্বক মঞ্জুরির জন্য আবেদন করিবেন ঃ

তবে নিগম, এই ধারার অধীন ফীসমূহ অতীত প্রভাবী কার্যকারিতা সহ উদ্‌গ্রহণ করিতে পারিবেন।"।

৩৯৩ ধারার স্থলে নূতন ধারার প্রতিস্থাপন।

৮। মূল আইনের তফসিল ৮-এ, '[১৭৪ (৪ক) ধারা দ্রষ্টব্য],' এই উপ-শীর্ষকের স্থলে, '(১৭৪ ধারা দ্রষ্টব্য)' এই উপ-শীর্ষক প্রতিস্থাপিত হইবে।

## উদ্দেশ্য ও হেতুর বিবরণ।

কলকাতা পৌর নিগম আইন, ১৯৮০ (১৯৮০-র পশ্চিমবঙ্গ ৫৯ আইন) (অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত)-কে অধিকতররূপে কার্যকরী করিবার উদ্দেশ্যে উক্ত আইন সংশোধন করা আবশ্যক ও সঙ্গত বিবেচিত হইয়াছে।

২। অতএব, অন্যান্য বিষয়ের সহিত—

(ক) অঞ্চল সভা গঠনের জন্য ;

(খ) নিগমের আর্থিক লেনদেন ইত্যাদি জনসমক্ষে প্রকাশের জন্য ;

(গ) রাজ্য সরকার সময়ে সময়ে প্রজ্ঞাপন দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন কলকাতা পৌর নিগমের অধীন পৌর কৃত্যক কমিশনকে পশ্চিমবঙ্গ সরকারের পৌর বিষয়ক বিভাগ ও নগরোন্নয়ন বিভাগের নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহ, এজেন্সিসমূহ বা প্রাধিকারসমূহে এবং অন্য পৌর নিগমসমূহে বা পৌরসংঘসমূহে বা প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকারসমূহে বা শিল্প উপনগরী প্রাধিকারসমূহে সেরূপ পদসমূহের জন্য কর্মচারি বাছাই করিতে ক্ষমতাপন্ন করিবার জন্য ;

(ঘ) নিগমকে অনিয়ম পূনর্বিলোকন কমিটির মেয়াদ অনধিক এক বৎসর সময়সীমার জন্য বর্ধিত করিবার এবং তাহার পর অনধিক এক বৎসর অধিকতর সময়সীমার জন্য বর্ধিত করিতে ক্ষমতাপন্ন করিবার জন্য ;

(ঙ) নিগমকে উক্ত আইন অনুযায়ী পরিকল্পে বিনির্দিষ্ট সময়সীমার মধ্যে যে সম্পত্তিসমূহের রিটার্ন দাখিল করা হয় নাই সেই সম্পত্তির নির্ধার ও সম্পত্তি কর আদায়ের জন্য দাবি করিতে ক্ষমতাপন্ন করিবার জন্য ;

(চ) উক্ত আইন অনুযায়ী সম্পত্তি করের উদ্দেশ্যে স্ব-নির্ধারের রিটার্ন ও বার্ষিক রিটার্ন শংসিত করিবার জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয়সমূহ হইতে মূল্যায়নে ডিগ্রিধারীগণকে ক্ষমতাপন্ন করিবার জন্য ;

(ছ) উক্ত আইন অনুযায়ী ভবন নির্মাণের মঞ্জুরি প্রদানকালে নিকাশী উন্নয়ন ফী আরোপ করিতে নিগমকে ক্ষমতাপন্ন করিবার জন্য ;

বিধানাবলী প্রণয়নের প্রস্তাব করা হইয়াছে।

৩। উপরোক্ত উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রাখিয়াই এই বিধেয়ক রচিত হইয়াছে।

৪। এই বিধেয়কে বিধানসমূহকে কার্যকারিতা প্রদানের জন্য কোন আর্থিক প্রশ্ন জড়িত নাই।

কলকাতা,
৫ই মার্চ, ২০১০।

**অশোক ভট্টাচার্য্য,**
*ভারপ্রাপ্ত সদস্য।*

---

সরস্বতী প্রেস লিমিটেড (পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ), কলকাতা-৭০০ ০৫৬ হইতে মুদ্রিত।